
# জুলাইয়ের চেতনা বাস্তবায়িত হচ্ছে না: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

জামায়াতে ইসলামীর আমির ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেছেন, জুলাই গণঅভ্যুত্থানের চেতনা বাস্তবায়নের পরিবর্তে দেশ আবার পুরোনো অন্ধকার পথে ফিরে যাচ্ছে। তার অভিযোগ, রাষ্ট্রের বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানে যোগ্যতার বদলে দলীয় বিবেচনায় নিয়োগ দেওয়ার প্রবণতা বেড়েছে।

বৃহস্পতিবার (৩০ জুলাই) রাজধানীতে ঢাকা মহানগর জামায়াত আয়োজিত জুলাই গণঅভ্যুত্থানে আহত ও শহীদ পরিবারের সদস্যদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

শফিকুর রহমান বলেন, জুলাই গণঅভ্যুত্থানের শহীদ ও আহতদের স্বপ্ন ছিল ফ্যাসিবাদমুক্ত, বৈষম্যহীন ও ন্যায়ভিত্তিক বাংলাদেশ গড়া। কিন্তু সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, প্রশাসন, ব্যাংক-বীমা ও করপোরেশনসহ বিভিন্ন খাতে এখন নির্লজ্জ দলীয়করণ চলছে। যোগ্য ও সৎ ব্যক্তিদের সরিয়ে দলীয় লোকদের গুরুত্বপূর্ণ পদে বসানো হচ্ছে বলেও অভিযোগ করেন তিনি।

তিনি বলেন, আন্দোলনে যারা জীবন দিয়েছেন, তারা কেবল একটি সরকার বদলে আরেকটি সরকার প্রতিষ্ঠার জন্য আত্মত্যাগ করেননি; তারা রাষ্ট্রব্যবস্থার পরিবর্তন চেয়েছিলেন। কিন্তু বর্তমান পরিস্থিতিতে সেই প্রত্যাশা পূরণ হচ্ছে না।

জামায়াত আমির আরও বলেন, ২০২৪ সালের আন্দোলনের সময় দলটি শিক্ষার্থীদের পাশে দাঁড়ালেও কখনও এর কৃতিত্ব দাবি করেনি। বরং শহীদ পরিবার ও আহতদের সহায়তাকেই অগ্রাধিকার দিয়েছে।

তিনি বলেন, আমরা বিচার চাই, প্রতিশোধ চাই না। জুলাই গণঅভ্যুত্থানে নিহতদের হত্যার বিচার একদিন না একদিন অবশ্যই হবে। একই সঙ্গে সরকারকে জনগণের সঙ্গে করা প্রতিশ্রুতি বাস্তবায়নের আহ্বান জানান তিনি।

LENS ASIA